



## শুভ জন্মদিন

কাইউম পারভেজ

এক দুই তিন .....

পাঁচ দশ বিশ ... পঞ্চাশ ... বায়ান্ন উনষাট সত্তর.....

একাত্তর পঁচাত্তর হয়ে - আজ ছিয়াত্তর

কতটা পথ তুমি চলেছো

পুতুল খেলতে খেলতে, সাইকেল চালাতে চালাতে

পড়তে পড়তে রান্না করতে করতে - একদিন দীর্ঘ সময় কাঁদতে কাঁদতে।

অনেকটা পথ তুমি চলেছো।



একদিন সবাই বললো - আর নয় কান্না

দুঃখের তরীতে যারা ভাসছে - বললো আর না

ধরো হাল - আমরা অজানার পথে চলেছি।

আমাদের হারাতে দিও না।

সেই থেকে তোমার ক্লান্তিহীন চলা

নিজের সাথে নিজের কথা বলা।




পাহাড় পর্বত খাল বিল নদী সমুদ্র মহাসমুদ্র

শহর গ্রামের মেঠো পথ বিস্তীর্ণ সড়ক

তুমি দাপিয়ে চলেছো সবার মুখে

একটু হাসি ফোটাতে। নতুন করে বাঁচার স্বপ্ন দেখাতে।



তুমি অনেকখানি এগিয়ে দিয়েছো সব।

তোমার আমার বাড়ীর নাম ঠিকানা অবয়ব

পাল্টে যাচ্ছে অতি দ্রুত যত দ্রুত সম্ভব।

নিন্দুকেরা তোমার আলাদীনের চেরাগ টা খোঁজে

ঈশ্বর যার চলার সাথে পিতার হাতখানি যার মাথায়

বঙ্গের আবালবৃদ্ধবণিতার ভালবাসা যার সহায়

সেই তো বঙ্গনেত্রী - বঙ্গবন্ধু কন্যা।



শুভ জন্মদিন - শুভ জন্মদিন

তুমি দীর্ঘজীবী হও

যেমন আছো তেমনই থেকে তুমি

মাথা নোয়াবার নও।